

প্রাথমিক সমাপনী পরীক্ষা

প্রথম দিন অনুপস্থিত দেড় লক্ষাধিক শিক্ষার্থী

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক | ঢাকা, সোমবার, ১৯ নভেম্বর ২০১৮

প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার প্রথম দিন দেড় লাখের বেশি পরীক্ষার্থী কেন্দ্রে আসেনি। এর মধ্যে প্রাথমিক সমাপনীতে অনুপস্থিত ছিল ১ লাখ ১৭ হাজার ৭৫৩ জন এবং ইবতেদায়ীতে অনুপস্থিত ছিল ৪২ হাজার ৪১৫ জন। প্রাথমিক শিক্ষা অধিদফতরের পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা থেকে এ তথ্য জানানো হয়।

এদিকে আগামী ৩০ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচন হলেও শিক্ষার্থীরা পহেলা জানুয়ারিতে নতুন বই হাতে পাবে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান। তিনি গতকাল রাজধানীর ভিকারুননিসা নূন স্কুলে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা পরিদর্শনকালে এ কথা জানান।

গতকাল সারাদেশে একযোগে শুরু হয়েছে পঞ্চম শ্রেণীর প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা। কেন্দ্র পরিদর্শনকালে গণশিক্ষামন্ত্রীর সঙ্গে ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা সচিব আকরাম আল হোসেন।

পরীক্ষার প্রথম দিন প্রাথমিক ও ইবতেদায়ীতে ইংরেজি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ পরীক্ষা চলবে ২৬ নভেম্বর পর্যন্ত। প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে এই পরীক্ষা।

মন্ত্রী মোস্তাফিজুর রহমান আরও বলেন, ‘আগামী জাতীয় নির্বাচনের ভোগ গ্রহণ হবে ৩০ ডিসেম্বর। তবে পহেলা জানুয়ারিতে নতুন বই পাবে প্রাথমিক শিক্ষার্থীরা। নির্বাচনের জন্য বই পাওয়াতে কোন অসুবিধা হবে না।’

এক প্রশ্নের জবাবে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী বলেন, ‘প্রাথমিক ও অষ্টম শ্রেণী পর্যায়ে শুধুমাত্র একবার সমাপনী পরীক্ষা নেয়ার জন্য অভিভাবকরা বলে আসছেন। সেটা আমরা বিবেচনায় নিয়েছি। তবে এ বিষয়ে মন্ত্রিসভায় সিদ্ধান্ত নিতে হবে। মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী এটা হতে পারে।’ তিনি বলেন, ‘সরকারি সিদ্ধান্ত হলে জাতীয় শিক্ষানীতির আলোকে প্রাথমিক পর্যায়ে অষ্টম শ্রেণী পর্যন্ত দুটি পরীক্ষার বদলে একটি পরীক্ষা নেয়া হবে।’



প্রাথমিকের সমাপনী পরীক্ষার গতকাল প্রথম দিন রাজধানীর একটি পরীক্ষা কেন্দ্র -সংবাদ

এ বছর সাত হাজার ৪১০টি কেন্দ্রে সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে এরমধ্যে দেশের অভ্যন্তরে ৭ হাজার ৩৯৮টি এবং দেশের বাইরে ১২টি কেন্দ্র।

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় এবার ২৭ লাখ ৭৭ হাজার ২৭০ জন ছাত্রছাত্রী অংশ নিচ্ছে। এরমধ্যে ছাত্র ১২ লাখ ৭৮ হাজার ৭৪২ জন ও ছাত্রী সংখ্যা ১৪ লাখ ৯৮ হাজার ৫২৮ জন। গত বছরের তুলনায় এ বছর শিক্ষার্থী কমেছে ২৮ হাজার ৮২৬ জন।

আর মাদ্রাসার ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় এবার ৩ লাখ ১৭ হাজার ৮৫৩ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এর মধ্যে ছাত্র সংখ্যা ১ লাখ ৬৬ হাজার ৮১৪ এবং ছাত্রী এবং লাখ ৫১ হাজার ৩৯ জন। এ পরীক্ষায় গত বছরের তুলনায় ২৩ হাজার ৪৭২ জন ছাত্রছাত্রী বেশি।